# Times Today BD

জিএম সিরাজ | দেশজুড়ে | 07 April, 2025

কুড়িগ্রামের চিলমারী মডেল থানা এলাকায় বিশেষ অভিযান চালিয়ে ৬ জুয়ারিকে গ্রেপ্তার করেছে পুলিশ।

শনিবার রাতে উপজেলার রমনা ইউনিয়নের জোড়গাছ পুরাতন বাজার ও থানাহাট ইউনিয়নের বালাবাড়ি মোড় এলাকা থেকে তাদের গ্রেপ্তার করা হয়।

পুলিশ জানায়, জোড়গাছ এলাকায় রাত সাড়ে ৯ টার দিকে অভিযান চালিয়ে খরখরিয়া এলাকার মৃত দলিল উদ্দিনের ছেলে বাবুল মিয়া (৫০), মন্ডলপাড়া এলাকার মৃত এন্তা হকের ছেলে সাইদুল ইসলামকে (৪০) নগদ এক হাজার ৭২০ টাকা ও জুয়া খেলার সামগ্রীসহ গ্রেপ্তার করা হয়।তাদের বিরুদ্ধে প্রকাশ্যে জুয়া খেলার প্রচলিত আইনে মামলা হয়েছে।

রাত সাড়ে ১১ টার দিকে থানাহাট ইউনিয়নের বালাবাড়ি মোড়ে অভিযান চালায় পুলিশ। অভিযানে জুয়া খেলা অবস্থায় বজরাতবকপুর এলাকার মৃত মহির উদ্দিনের ছেলে আমিনুল  ইসলাম (৪০), ডাওয়াটারি এলাকার মৃত তসলিম উদ্দিনের ছেলে বিজু মিয়া (৩৬), শিঙ্গিরভিটা এলাকার মৃত আব্দুল কাদেরের ছেলে মুন্না মিয়া (৪৬), কলতাপাড়া এলাকার মৃত রফিয়াল মন্ডলের ছেলে মহব্বত  আলীকে (৩৬), নগদ দুই হাজার ৮০ টাকা ও জুয়া খেলার সামগ্রীসহ গ্রেপ্তার করে থানায় নেয়া হয়।তাদের বিরুদ্ধে মামলা হয়েছে।

চিলমারী মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) মুশাহেদ খান জানান, আজ (রবিবার) সকালে গ্রেপ্তারকৃতদের কুড়িগ্রাম আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

কুড়িগ্রাম পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:20

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/58612434